सत्यमेव जयते

# কল্যাণী মহকুমা শাসকের করণ

## কল্যাণী, নদীয়া।

**পত্রাঙ্ক- ৯৫০/কল্যাণী ব্লক/আশা/কল্যানী** **দিনাঙ্ক- ১৮.০৫.২০২৩**

## আশাকর্মী নিয়োগের বিজ্ঞপ্তি

রাজ্য মিশন অধিকর্তা, জাতীয় গ্রামীণ স্বাস্থ্য মিশন-এর ২৭.০৬.২০১২ তারিখের পত্র নম্বরঃ HFW/NRHM-20/2006/Part II/1631-এর আদেশনামা অনুযায়ী নদীয়া জেলার অন্তর্গত কল্যাণী মহকুমার কল্যাণী ব্লকের ১ টি গ্রাম পঞ্চায়েতের বিভিন্ন উপস্বাস্থ্যকেন্দ্রের অন্তর্গত বিভিন্ন গ্রাম পরিষেবা এলাকা অনুযায়ী ১ জন "আশাকর্মী" নিয়োগের উদ্দেশ্যে সংশ্লিষ্ট গ্রামের, সেই পরিষেবা এলাকার বসবাসকারী মহিলা প্রার্থীদের কাছ থেকে উক্ত পদের জন্য আবেদনপত্র (**সংযোজনী-১**) আহ্বান করা হচ্ছে।

**শর্তাবলীঃ-**

১) কেবলমাত্র বিবাহিতা/ বিধবা/ আদালত কর্তৃক ডিক্রিমূলে বিবাহ বিচ্ছিন্না মহিলাই আবেদন করতে পারেন।

২) আগ্রহী প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট গ্রামের, সেই পরিষেবা এলাকার স্থায়ী বাসিন্দা হতে হবে। প্রমাণস্বরূপ ০১.০১.২০২৩-এর নির্বাচন তালিকা অনুসারে প্রার্থীকে তার EPIC অথবা রেশনকার্ড-এর প্রত্যায়িত নকল অবশ্যই জমা দিতে হবে। সম্প্রতি বাসস্থান পরিবর্তনকারী প্রার্থীর ক্ষেত্রে তার পরিবারের যোগসূত্র যাচাই করা হবে।

৩) সাধারন প্রার্থীর বয়স ১৮.০৫.২০২৩ তারিখে ৩০ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে। তপশিলী জাতি, তপশিলী উপজাতিভুক্ত প্রার্থীদের বয়ঃসীমা ঐ তারিখে ২২ থেকে ৪০ বছরের মধ্যে হতে হবে।

৪) প্রার্থীকে অবশ্যই মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতার প্রার্থীরাও আবেদনকারী হিসাবে বিবেচিত হবেন। এক্ষেত্রে মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার প্রাপ্ত নম্বর-ই বিচার করা হবে। উচ্চতর শিক্ষাগত যোগ্যতা থাকা প্রার্থীদের উচ্চশিক্ষার কোনো মূল্যায়ন বা বিবেচনার সুবিধা থাকবে না।

৫) গ্রেড ওয়ান এবং গ্রেড টু, স্বনির্ভরগোষ্ঠীর সদস্যা, প্রশিক্ষণপ্রাপ্ত দাই এবং লিংক ওয়ার্কারগণ সকলেই বিভাগীয় শংসাপত্র দাখিল করলে অগ্রাধিকার বিবেচনায় যোগ্য হবেন।

৬) সাবসেন্টার সন্নিহিত গ্রামসমূহের (সারণী দ্রষ্টব্য) ২০১১ সালের জনগণনা তথ্য প্রক্ষেপণ করে তপশিলী জাতি/ উপজাতি অধ্যুষিত রূপে ঘোষিত ক্ষেত্রে তপশিলী জাতি ও উপজাতি শংসাপত্র দাখিল করলে সংরক্ষনের ক্ষেত্রে বিবেচিত হবেন।

৭) আবেদনপত্রের সঙ্গে যে সকল প্রমাণপত্রের প্রত্যায়িত প্রতিলিপি ও প্রয়োজনীয় নথি জমা করতে হবেঃ-

ক) জন্মতারিখের শংসাপত্র বা মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার অ্যাডমিট কার্ড/ সার্টিফিকেট।

খ) এলাকার বাসিন্দা হিসাবে ভোটার পরিচয় পত্র (EPIC) / রেশন কার্ড।

গ) প্রধানের দেওয়া স্থায়ী বাসিন্দা শংসাপত্র যেটি Executive Assistant দ্বারা প্রতি স্বাক্ষরিত।

ঘ) উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া জাতিগত প্রমাণপত্র (তপশিলী জাতি ও উপজাতি জাতীর ক্ষেত্রে বিজ্ঞপ্তি জারির তারিখের পূর্বে প্রাপ্ত SC/ST Certificate-এর প্রত্যায়িত নকল)।

ঙ) মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার মার্কশীট।

চ) উপযুক্ত কর্তৃপক্ষের দেওয়া গ্রেড ১ ও গ্রেড ২ স্বনির্ভর গোষ্টীভূক্ত সদস্যা/ প্রশিক্ষণপ্রাপ্ত দাই এবং লিংক ওয়ার্কার প্রমাণপত্র (প্রযোজ্য হলে)।

ছ) প্রার্থীর স্বাক্ষরসহ ২ কপি পাসপোর্ট সাইজ ফটো (সাম্প্রতিক রঙিন ছবি)

জ) বিবাহিত/বিধবা মহিলাদের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণ পত্র দাখিল করতে হবে।

ঝ) উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত বিবাহ বিচ্ছিন্না মহিলা হওয়ার প্রমাণ পত্র।

শংসাপত্রগুলির মধ্যে প্রযোজ্য প্রত্যেকটি শংসাপত্র আবেদনপত্রের সঙ্গে যুক্ত করতে হবে, যুক্ত না থাকলে আবেদনপত্র বাতিল করা হবে। নিয়োগের পূর্বে প্রার্থীকে অবশ্যই ক) থেকে চ) তে উল্লেখিত প্রমাণপত্রগুলির আসল দেখাতে হবে।

৮) উপরিউক্ত শর্ত পূরণকারী প্রার্থীদের ইন্টারভিউ-এর তারিখ, সময় ও স্থান উল্লেখিত পত্র, যোগ্য প্রার্থীদের ঠিকানায় ডাকযোগে প্রেরণ করা হবে।

৯) অসম্পূর্ন ও ত্রুটিপূর্ণ আবেদন খারিজ হবে এবং পরবর্তীকালে অনুরোধ- উপরোধ বাঞ্ছনীয় নয়।

১০) **আবেদনপত্র জমা দেওয়ার স্থানঃ-** সংশ্লিষ্ট সমষ্টি উন্নয়ন আধিকারিকের(বি.ডি.ও.) অফিসে(প্রতিদিন অফিস চলাকালীন সময়ের মধ্যে)।

১১) আবেদন পত্র সংশ্লিষ্ট বি.ডি.ও. অফিসের নির্ধারিত কাউন্টারে সরাসরি অথবা ড্রপ বক্সে সীলড খামে জমা করতে হবে। ডাকযোগে, e-mail বা অনান্য মাধ্যমে আবেদন পত্র জমা নেওয়া হবে না।

১২) **আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখঃ ১৬.০৬.২০২৩ বিকেল ৪** (চার) টা অবধি (শনিবার, রবিবার ও সরকারি ছুটির দিন ব্যতিত)।

আবেদনপত্রটি সংযোজনী-১ এবং কল্যাণী ব্লকের আশাকর্মীদের শূন্যপদের তালিকা সংযোজনী-৪ এ সংযুক্ত হল।

**মহকুমা শাসক**
**কল্যাণী, নদীয়া**

**পত্রাঙ্ক- ৯৫০ /১(৯)/কল্যাণী ব্লক/আশা/কল্যানী** **দিনাঙ্ক- ১৮.০৫.২০২৩**

অবগতি এবং ব্যাপক প্রচারের জন্যে প্রতিলিপিটি প্রেরিত হল -

প্রতি-

১. মাননীয় জেলাশাসক , নদীয়া

২. মাননীয় অতিরিক্ত জেলাশাসক ( সাধারন ) , নদীয়া

৩. মাননীয় মুখ্য স্বাস্থ্য আধিকারিক, নদীয়া

৪. মাননীয় ডি.পি.ও. ( আই.সি.ডি.এস. ) , নদীয়া

৫. মাননীয়া ডি.পি.এইচ.এন.ও., নদীয়া

৬. মাননীয়া সহকারী প্রধান স্বাস্থ্য আধিকারিক, কল্যাণী, নদীয়া

৭. মাননীয় জেলা তথ্য আধিকারিক, নদীয়া, এ বিজ্ঞপ্তিটিকে জেলা ওয়েবসাইট এ আপলোড করার অনুরোধ করা হচ্ছে।

৮. মাননীয় সমষ্টি উন্নয়ন আধিকারিক, কল্যাণী সমষ্টি উন্নয়ন ও নির্বাহী আধিকারিক, কল্যাণী পঞ্চায়েত সমিতি।

৯. মাননীয় ব্লক স্বাস্থ্য আধিকারিক, চাকদহ।

**মহকুমা শাসক**
**কল্যাণী, নদীয়া**

## Vacancy position (Kalyani Block) of ASHAunder Kalyani Sub-Division সংযোজনী- 8

| Name of Block | Total clear vacancy | Name of GP | Name of SC | No. of vacancy against Vacant Village | Name of Vacant Village | Sansad No. | Caste (Gen/ SC/ ST) |
|---|---|---|---|---|---|---|---|
| Kalyani | 1 | Saguna | Kantabelia | 1 | Anandanagar | XXII | SC |
| Total | | | | 1 | | | |

Sub-Divisioanl Officer
Kalyani, Nadia

সংযোজনী-১

# আবেদনপত্র

| For Office Use Only | | |
|---|---|---|
| Received on............................<br>Index No. ...............................<br>Roll No. .................................... | | প্রার্থীর সাম্প্রতিক পাসপোর্ট মাপের স্বাক্ষরসহ রঙিন ছবি আঠা দিয়ে লাগান। পিন/ স্টেপল/ সেলাই করবেন না। |

প্রতিঃ মহকুমা শাসক,কল্যাণী, নদীয়া

আমি এতদ্বারা নিম্নবিবৃত বিশদ ও সংলগ্নীকৃত নথি সহ ______________________ গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত __________________________ সাব সেন্টারে আশা কর্মী পদের জন্য আমার আবেদন দাখিল করছি।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| আবেদনকারীর নামঃ- | | | | | মহকুমাঃ- |
| স্বামীঃ- | | | পিতাঃ- | | |
| জন্ম তারিখঃ- / / | | বয়স **(১৮.০৫.২০২৩ অনুযায়ী):-** | | | |
| সাধারন বসবাসের ঠিকানা | গ্রামঃ- | | | | |
| | পোষ্টঃ- | থানাঃ- | | জেলাঃ- নদীয়া | পিনঃ- |
| যোগাযোগ | Mobile No.:- | | উপস্বাস্থ্য কেন্দ্রঃ- | | |
| বৈবাহিক স্থিতি | বিবাহিতঃ - | | বিবাহ বিচ্ছিন্নাঃ- | | বিধবাঃ- |
| সাবসেন্টার হতে বসবাস ঠিকানার হাঁটাপথ দূরত্ব | | | কি.মি.:- ______________ | | |
| SC/ ST certificate নং (প্রযোজ্য হলে) | | রেশন কার্ড নং | | আধার কার্ড নং | |

| ০১.০১.২০২৩ তারিখে ভোটার লিস্ট অনুসারে | নির্বাচক সচিত্র পরিচয় পত্র নং- | অংশ নং | ক্রমিক নং |
|---|---|---|---|
| আবেদনকারীর | | | |
| বিবাহিতার জীবিত স্বামীর | | | |
| বিধবার পিতা | | | |
| বিবাহবিচ্ছিন্নার পিতার | | | |

মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার বিশদ বিবরণ (অতিরিক্ত বিষয় ছাড়া)

| পরীক্ষার নাম | বোর্ড | পরীক্ষায় বসার বৎসর | মোট নম্বর | প্রাপ্ত নম্বর | শতকরা(%) |
|---|---|---|---|---|---|
| | | | | | |

| | |
|---|---|
| সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতাঃ- | |

**যে সকল নথি আবেদন পত্রের সাথে দিতে হবে**

১) অ্যাডমিট কার্ডের জন্য প্রার্থীর(সাম্প্রতিক)রঙিন পাসপোর্ট ছবি, স্বাক্ষরসহ।
২) ৫ টাকার ডাকটিকিট সহ নিজ ঠিকানা লেখা খাম।
৩) মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার অ্যাডমিট/ বয়সের প্রমাণ।
৪) মাধ্যমিক বা সমতুল্য পরীক্ষার মার্কসীট।
৫) EPIC/ Ration Card.
৬) প্রধানের দেওয়া স্থায়ী বাসিন্দা শংসাপত্র যেটি Executive Assistant দ্বারা প্রতি স্বাক্ষরিত।
৭) SC/ST শংসাপত্র (প্রযোজ্য হলে)।
৮) স্বনির্ভরগোষ্ঠী/ প্রশিক্ষণপ্রাপ্ত দাই এবং লিংক ওয়ার্কার-এর শংসাপত্র।
৯) বিবাহিত/বিধবা মহিলাদের ক্ষেত্রে উপযুক্ত প্রমাণ পত্র এবং উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বীকৃত বিবাহ বিচ্ছিন্না মহিলা হওয়ার প্রমাণ পত্র দাখিল করতে হবে।

আমি পূর্ণ জ্ঞান ও বিশ্বাস সহ ঘোষণা করছি যে, উপরি বর্ণিত তথ্যাদির প্রমাণ নথি মূল সত্য। কোন তথ্য ভবিষ্যতে মিথ্যা প্রমাণিত হলে আমি দায়ী থাকব। আমি কোন অসাধু প্রভাব খাটানোর চেষ্টা করলে কর্তৃপক্ষ আমার প্রার্থীপদ খারিজ করে দিতে পারেন।

______________________________

**আবেদনকারীর পূর্ণ স্বাক্ষর**